

তথ্যবিবরণী

নম্বর: ৭৯

বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে ময়মনসিংহে শহিদ বুদ্ধিজীবী দিবস উদযাপিত

ময়মনসিংহ (বৃহস্পতিবার, ১৪ ডিসেম্বর ২০২৩খ্রি.)

আজ বৃহস্পতিবার (১৪ ডিসেম্বর) ময়মনসিংহে বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে শহিদ বুদ্ধিজীবী দিবস উদযাপিত হয়েছে। পূর্ব ঘোষিত কর্মসূচি অনুযায়ী সকালে থানাঘাট বধ্যভূমি স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ করেন ময়মনসিংহ বিভাগীয় কমিশনার উম্মে সালমা তানজিয়া, জেলা মুক্তিযোদ্ধা সংসদ, বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীসহ নগরীর বিভিন্ন স্তরের জনগণ।

দিবসটি উপলক্ষে জেলার সকল মসজিদ, মন্দির, গির্জা ও প্যাগোডাসহ সকল ধর্মীয় উপাসনালয়ে শহিদ বুদ্ধিজীবী ও বীর মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত/প্রার্থনা করা হয়।

শহিদ বুদ্ধিজীবী দিবসের তাৎপর্য তুলে ধরার লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে সকল স্কুল, কলেজ, মাদ্রাসাসহ অন্যান্য বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বিশেষ আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আলোচনা সভায় উপস্থিত আলোচকগণ ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে এই দিবসটির গুরুত্ব এবং শহিদ বুদ্ধিজীবী ও বীর মুক্তিযোদ্ধাদের দেশের প্রতি আত্মত্যাগ এবং ভূমিকার কথা তুলে ধরেন।

এ দিবস উপলক্ষ্যে সন্ধ্যায় থানাঘাট বধ্যভূমি স্মৃতিস্তম্ভে মোমবাতি প্রজ্জ্বলন করা হয়। এ সময় সুশীল সমাজের ব্যক্তিবর্গসহ বিভিন্ন স্তরের জনগণ উপস্থিত ছিলেন।

এছাড়াও সন্ধ্যায় নগরীর ছোট বাজার মুক্তমঞ্চে দিবসটির তাৎপর্য তুলে ধরে বিশেষ আলোচনা সভা অনুষ্ঠিত হবে।

#

রেজভী/দেওয়ান/রিদওয়ান/মনির/হদা/ ২০২৩/১৫.০০ ঘণ্টা